(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd

বাড়ি নং-১২৪/৯০/০৩, ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/মাদরাসা প. বিধি/৮৫৮২ তারিখ: ১৫/০৭/২০১৯ খ্রি.

## অফিস আদেশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ২০১৩ সনের ৩৭ নং আইনের তফসিলে অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের প্রথম সংবিধির ধারা-২ এর (৪), (৫) ও ধারা-৫ এর (গ) অনুযায়ী অধিভুক্ত মাদরাসার শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের চাকুরির পর্যায় ও পরিধি এবং চাকুরি যোগ্যতার অন্যান্য শর্তসমূহ নির্ধারণ প্রয়োজন বিধায় আইনের ধারা-৪৮ (১) এর খ, গ, এবং ৩ এ প্রদত্ত ক্ষমতা বলে বিশ্ববিদ্যালয় প্রবিধান প্রণয়ন কমিটির দাখিলকৃত সুপারিশ ও অধিভুক্তি কমিটির ৪র্থ সভার সুপারিশ ১৭/১২/২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ১০ম সভায় অনুমোদনের প্রেক্ষিতে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রবিধান-২০১৯" প্রণীত হল।

**২. শিরোনাম ও পরিধি;**

এ প্রবিধান "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদরাসার শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীগণের চাকুরির পর্যায় ও পরিধি এবং চাকুরির যোগ্যতার অন্যান্য শর্তাবলি সংক্রান্ত প্রবিধান-২০১৯" নামে অভিহিত হবে। এ প্রবিধান ১৫/০৭/২০১৯খ্রি. তারিখ থেকে কার্যকর হবে। যা প্রাথমিক পাঠদান অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত সকল ফাজিল, ফাজিল (অনার্স), কামিল স্নাতকোত্তর (দুই বছর মেয়াদি) ও কামিল মাস্টার্স (এক বছর মেয়াদি) মাদরাসাসমূহের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রযোজ্য হবে।

**৩. রহিতকরণ;**

এ আদেশ কার্যকর হওয়ার পূর্বে ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত সকল প্রজ্ঞাপন, অফিস আদেশ ও নির্দেশিকা বাতিল বলে গণ্য হবে।

15.7.19

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

**অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)**

সকল ফাজিল, ফাজিল (অনার্স), কামিল স্নাতকোত্তর (দুই বছর মেয়াদি)

ও কামিল মাস্টার্স (এক বছর মেয়াদি) মাদরাসা

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/মাদরাসা প. বিধি/৮৫৮২(১৩) তারিখ: ১৫/০৭/২০১৯ খ্রি.

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ</u>

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩. ট্রেজারার মহোদয়, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়।
৫. ডীন, ফাজিল (স্নাতক) শিক্ষা বিষয়ক কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. পরিচালক (অর্থ ও হিসাব), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৯. পরিদর্শন দফতর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০. কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১১. আই.সি.টি শাখা, (ওয়েব সাইটে প্রকাশ করার নিমিত্ত) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
১৩. অফিস নথি।

১৫.০৭.১৯

সহকারি রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

# প্রবিধান-২০১৯

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd

বিসমিল্লাহির রাহমানির রাহীম

## ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

## প্রবিধান-২০১৯

(২০১৩ সনের ৩৭ নং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইনের তফসিলে অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের প্রথম সংবিধির ধারা-২ এর (৪),(৫) ও ধারা-৫ এর (গ) অনুযায়ী অধিভুক্ত মাদরাসার শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের চাকুরির পর্যায় ও পরিধি এবং চাকুরি যোগ্যতার অন্যান্য শর্তসমূহ নির্ধারণ প্রয়োজন বিধায় আইনের ধারা-৪৮ (১) এর খ,গ,এবং ৩ এ প্রদত্ত ক্ষমতা বলে প্রবিধান প্রণীত হল) বিশ্ববিদ্যালয় প্রবিধান প্রণয়ন কমিটির দাখিলকৃত সুপারিশ অধিভুক্ত কমিটির ৪র্থ তম সভার সুপারিশের পরিপ্রেক্ষিতে ১৭/০১/২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৯ম সভায় অনুমোদিত)

# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদরাসার শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীগণের চাকুরির পর্যায় ও পরিধি এবং চাকুরির যোগ্যতার অন্যান্য শর্তাবলি সংক্রান্ত প্রবিধান-২০১৯

**এ শিরোনামের অধীনে নিম্মে বিষয়গুলির বিবরণ থাকবে–**


ক. শিরোনাম ও পরিধি # ৪

খ. সংজ্ঞা # ৪

১. শিক্ষকদের শ্রেণি বিভাগ # ৬
২. শিক্ষক পদে নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতা # ৭
৩. নিয়োগ পরীক্ষা # ২১
৪. নিয়োগ কমিটি # ২৪
৫. শিক্ষানবিশ # ২৬
৬. খন্ডকালীন শিক্ষক # ২৭
৭. বেতন ও ভাতা # ২৭
৮. শিক্ষকদের দায়িত্ব ও কর্তব্য # ২৭
৯. ইস্তফা # ২৯
১০. ভারপ্রাপ্ত অধ্যক্ষ নির্বাচন, তার মেয়াদ ও জ্যেষ্ঠতা নির্ধারণ এবং অবসর গ্রহণ # ২৯
১১. সাময়িক অব্যাহতি ও চাকুরি হতে অব্যাহতি # ৩০
১২. শাস্তিমূলক ব্যবস্থা ও শাস্তির প্রকারভেদ # ৩১
১৩. আপিল # ৩৩
১৪. ছুটি # ৩৪
১৫. ভবিষ্যৎ তহবিল, কল্যাণভাতা, অবসর ভাতা ও গোষ্ঠী বীমা # ৩৭
১৬. আইন সংশোধনী # ৩৮
১৭. রহিতকরণ # ৩৮




বিসমিল্লাহির রাহমানির রাহীম

## ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
## প্রবিধান-২০১৯

(২০১৩ সনের ৩৭ নং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইনের তফসিলে অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের প্রথম সংবিধির ধারা-২ এর (৪),(৫) ও ধারা-৫ এর (গ) অনুযায়ী অধিভুক্ত মাদরাসার শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের চাকুরির পর্যায় ও পরিধি এবং চাকুরি যোগ্যতার অন্যান্য শর্তসমূহ নির্ধারণ প্রয়োজন বিধায় আইনের ধারা-৪৮ (১) এর খ,গ,এবং ৩ এ প্রদত্ত ক্ষমতা বলে প্রবিধান প্রণীত হল) (বিশ্ববিদ্যালয় প্রবিধান প্রণয়ন কমিটির দাখিলকৃত সুপারিশ অধিভুক্ত কমিটির ৪র্থ সভার সুপারিশের পরিপ্রেক্ষিতে ১৭/১২/২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৯ম সভায় অনুমোদিত)

## অফিস আদেশ

**ক. শিরোনাম ও পরিধি**

এ প্রবিধান "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদরাসার শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীগণের চাকুরির পর্যায় ও পরিধি এবং চাকুরির যোগ্যতার অন্যান্য শর্তাবলি সংক্রান্ত প্রবিধান-২০১৯" নামে অভিহিত হবে। এ প্রবিধান ১৫/০৭/২০১৯খ্রি. তারিখ থেক্কে কার্যকর হবে। যা অধিভুক্ত সকল ফাজিল, ফাজিল (অনার্স), কামিল মাস্টার্স (দুই বছর মেয়াদি), কামিল মাস্টার্স (এক বছর মেয়াদি) মাদরাসাসমূহের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রযোজ্য হবে।

**খ. সংজ্ঞা**

বিষয় ও প্রসঙ্গের সাথে অসংগতিপূর্ণ না হলে বিধিতে–

১. "আইন" বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ ও অন্যান্য সংশোধিত আইন বুঝাবে।
২. "সংবিধি" বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন-এর ৪৬-এ উল্লেখিত বিধি বুঝাবে।
৩. বিধি বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন-এর ৪৬-এ উলেণ্ঢখিত বিধি বুঝাবে।
৪. "বিশ্ববিদ্যালয়" বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বুঝাবে।

৫. "সিন্ডিকেট" বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট বুঝাবে।

৬. "একাডেমিক কাউন্সিল" বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-এর ফাজিল ও কামিল মাদরাসার জন্য গঠিত একাডেমিক কাউন্সিল বুঝাবে।

৭. "ভাইস-চ্যান্সেলর" বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-এর ভাইস-চ্যান্সেলর বুঝাবে।

৮. "প্রো-ভাইস-চ্যান্সেলর" বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-এর প্রো-ভাইস-চ্যান্সেলর বুঝাবে।

৯. "ট্রেজারার" বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-এর ট্রেজারার বুঝাবে।

১০. "রেজিস্ট্রার" বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-এর রেজিস্ট্রার বুঝাবে।

১১. "ডিন' বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-এর ডিন বুঝাবে।

১২. "পরীক্ষা নিয়ন্ত্রক" বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-এর পরীক্ষা নিয়ন্ত্রক বুঝাবে।

১৩. "মাদরাসা পরিদর্শক" বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-এর মাদরাসা পরিদর্শক বুঝাবে।

১৪. "অধিভুক্ত মাদরাসা" বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রাথমিক পাঠদানে অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত ফাজিল, ফাজিল (অনার্স), কামিল মাস্টার্স (দুই বছর মেয়াদি), কামিল মাস্টার্স (এক বছর মেয়াদি) সরকারি ও বেসরকারি মাদরাসা বুঝাবে।

১৫. "অধ্যক্ষ" বলতে অধিভুক্ত ফাজিল ও কামিল (সরকারি ও বেসরকারি) মাদরাসার অধ্যক্ষ বুঝাবে। যিনি মাদরাসার প্রধান একাডেমিক ও নির্বাহী কর্মকর্তা।

১৬. "উপাধ্যক্ষ" বলতে অধিভুক্ত মাদরাসার উপাধ্যক্ষ বুঝাবে।

১৭. "শিক্ষক" বলতে অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষ, উপাধ্যক্ষ, মুহাদ্দিস, মুফাসসির, ফকিহ, আদিব, অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, প্রভাষক অথবা বিশ্ববিদ্যালয় কর্তৃক মাদরাসায় শিক্ষক হিসেবে নিয়োগপ্রাপ্ত এবং মাদরাসার প্রদর্শক ও শরীরচর্চা শিক্ষক বুঝাবে ।



১৮. "খন্ডকালীন শিক্ষক" বলতে অধিভুক্ত মাদরাসার গভনিং বডি কর্তৃক অনুমোদিত নিয়োগপত্রে উল্লেখিত শর্তাবলি সাপেক্ষে খন্ডকালীন শিক্ষকতার কাজে নিযুক্ত ব্যক্তিকে বুঝাবে।

১৯. "কর্মকর্তা" অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসায় কর্মরত সকল কর্মকর্তাকে বুঝাবে।

২০. "কর্মচারী" বলতে অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসার ৩য় ও ৪র্থ শ্রেণির সকল কর্মচারী বুঝাবে।

২১. "শিক্ষার্থী" বলতে অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসায় (ইবতেদায়ি ১ম-কামিল, অনার্স, মাস্টার্সসহ) অধ্যয়নরত ছাত্র-ছাত্রী বুঝাবে।

২২."গভর্নিং বডি" বলতে প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত ফাজিল এবং কামিল মাদরাসার জন্য বিধিসম্মতভাবে গঠিত গভর্নিং বডি বুঝাবে।

২৩."এডহক কমিটি" বলতে এ সংবিধি দ্বারা বিধিসম্মতভাবে গঠিত এডহক কমিটি বুঝাবে।

## ❶ শিক্ষকদের শ্রেণি বিভাগ

ক. একটি মাদরাসায় অধ্যক্ষ, উপাধ্যক্ষ, অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, মুহাদ্দিস, মুফাসসির, ফকিহ, আদিব, প্রভাষক, প্রদর্শক, শরীর চর্চা শিক্ষক, গ্রন্থাগারিক থাকবে। কোনো মাদরাসায় একাধিক শিফট থাকলে বিশ্ববিদ্যালয়ের পূর্ব অনুমোদনক্রমে একাধিক উপাধ্যক্ষ নিয়োগ করা হবে।

খ. অধ্যাপক/সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপক/মুহাদ্দিস/ মুফাসসির/ফকিহ/আদিব/প্রভাষক-এর পদ সৃষ্টি করতে হলে সংশ্লিষ্ট মাদরাসার গভর্নিং বডির সিদ্ধান্তক্রমে সৃষ্টি করতে পারবে। উক্ত পদ সৃষ্টির পূর্বে গভর্নিং বডির অনুমোদিত প্রস্তাব রেজুলেশনসহ বিষয়টির জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন নিতে হবে।

গ. শূন্যপদ না থাকলে কোনো ব্যক্তিকে নিয়োগদান করা যাবে না, তবে সংশ্লিষ্ট মাদরাসার গভর্নিং বডির সিদ্ধান্তে বিশ্ববিদ্যালয়ের

অনুমোদিত সৃষ্টপদে নিয়োগদান করা যাবে। মাদরাসার প্রয়োজনে গভর্নিং বডি খন্ডকালীন শিক্ষক নিয়োগ করতে পারবে।

ঘ. একটি মাদরাসায় কর্মরত কোনো ব্যক্তি অপর একটি মাদরাসায় শিক্ষক হিসেবে নিযুক্তির জন্য নির্বাচিত হলে নতুন মাদরাসায় যোগদানের পূর্বে যে মাদরাসায় তিনি কর্মরত সেই মাদরাসা হতে এই মর্মে একটি ছাড়পত্র সংগ্রহ করতে হবে, যে তাঁর নিকট সাবেক মাদরাসার কোনো পাওনা নেই এবং তার ঐ মাদরাসা ত্যাগে তাদের কোনো আপত্তি নেই।

## ❷ শিক্ষক পদে নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতা

### ২.১ অধ্যক্ষ (কামিল মাদরাসা)

ক. **যোগ্যতা :** বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ডিগ্রি।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আরবি, ইসলামিক স্টাডিজ, আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ, আল-হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ, দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ হতে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি। সেক্ষেত্রে প্রার্থীকে দাখিল ও আলিম পাস হতে হবে।

খ. **অভিজ্ঞতা :** ফাজিল মাদরাসার অধ্যক্ষ/কামিল মাদরাসার উপাধ্যক্ষ পদে ০৩ বছরের অভিজ্ঞতাসহ মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব/সহকারী অধ্যাপক/প্রভাষক পদে (আরবি বিষয়সমূহে) কামিল/ফাজিল মাদরাসায় মোট ১৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

### ২.২ উপাধ্যক্ষ (কামিল মাদরাসা)

ক. **যোগ্যতা :** বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি।

অথবা



ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ডিগ্রি।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আরবি, ইসলামিক স্টাডিজ, আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ, আল-হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ, দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ হতে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি। সেক্ষেত্রে প্রার্থীকে দাখিল ও আলিম পাস হতে হবে।

খ. **অভিজ্ঞতা :** মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব/সহকারী অধ্যাপক পদে (আরবি বিষয়সমূহে) ০৩ বছরের অভিজ্ঞতাসহ কামিল/ফাজিল মাদরাসায় মোট ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

ফাজিল মাদরাসায় অধ্যক্ষ হিসেবে ০৩ বছরের অভিজ্ঞতা/ফাজিল মাদরাসায় উপাধ্যক্ষ হিসেবে ০৫ বছরের অভিজ্ঞতাসহ কামিল/ফাজিল মাদরাসায় সহকারী অধ্যাপক/ প্রভাষক হিসেবে (আরবি বিষয়সমূহে) মোট ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

উলে- খ্য যে, ফাজিল ও কামিল মাদরাসায় ইতঃপূর্বে কর্মরত এমপিওভুক্ত সকল অধ্যক্ষ ও উপাধ্যক্ষ স্বপদে বহাল থাকবে এবং বেতন-ভাতাদিসহ সকল প্রকার সুবিধা একইভাবে ভোগ করতে পারবে। কোনো আলিম মাদরাসা ফাজিল স্তরে উন্নীত হলে অধ্যক্ষ/উপাধ্যক্ষ উলি- খিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন হলে ফাজিল মাদরাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ হিসেবে পদায়ন করতে হবে। কাম্য যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে অভিজ্ঞতা হওয়া পর্যন্ত উক্ত পদের দায়িত্ব পালন করতে পারবে এবং অভিজ্ঞতা হলে উক্ত পদে পদায়ন করতে হবে।

### ২.৩ মুহাদ্দিস/মুফাসসির/আদিব/ফকিহ (কামিল মাদরাসা)

ক. **শিক্ষাগত যোগ্যতা**

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ডিগ্রি।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আরবি, ইসলামিক স্টাডিজ, আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ, আল-হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ, দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ হতে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি। সেক্ষেত্রে প্রার্থীকে দাখিল ও আলিম পাস হতে হবে।

খ. **অভিজ্ঞতা :** কামিল/ফাজিল মাদরাসায় তাফসির/হাদিস/ফিকহ/আদব/ আরবি বিষয়সমূহে প্রভাষক হিসেবে (এমপিও)-ভুক্ত পদে ৮ (আট) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**২.৪ প্রভাষক** (কামিল মাদরাসার হাদীস/তাফসির/ফিকহ/আদব বিভাগের জন্য প্রযোজ্য)

ক. **যোগ্যতা :** বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট বিভাগে ১ম শ্রেণির কামিল ডিগ্রি বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে সংশ্লিষ্ট বিভাগে ১ম শ্রেণির কামিল বা সমমান ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকহ বিভাগ হতে ১ম শ্রেণির অনার্স ও স্নাতকোত্তর ডিগ্রি বা সমমান। এ ক্ষেত্রে অনুচ্ছেদ ৬(৩) 'ঘ' অনুযায়ী বিবেচ্য হবে।

খ. **বয়স : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।**

**২.৫ অধ্যক্ষ (ফাজিল মাদরাসা)**

ক. **যোগ্যতাঃ :** বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ডিগ্রি।



অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আরবি, ইসলামিক স্টাডিজ, আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ, আল-হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ, দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ হতে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি। সেক্ষেত্রে প্রার্থীকে দাখিল ও আলিম পাস হতে হবে।

খ. **অভিজ্ঞতাঃ** কামিল/ফাজিল মাদরাসার উপাধ্যক্ষ পদে ০৩ বছরের অভিজ্ঞতাসহ মুহাদ্দিস/ মুফাসসির/ ফকিহ/ আদিব/ সহকারী অধ্যাপক/ প্রভাষক পদে (আরবি বিষয়সমূহে) কামিল/ফাজিল মাদরাসায় মোট ১৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

আলিম মাদরাসার অধ্যক্ষ হিসেবে ০৫ বছরের অভিজ্ঞতাসহ সহকারী অধ্যাপক/প্রভাষক পদে (আরবি বিষয়সমূহে) মোট ১৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

**২.৬ উপাধ্যক্ষ** (ফাজিল মাদরাসা)

ক. **যোগ্যতা :** বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ডিগ্রি।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আরবি, ইসলামিক স্টাডিজ, আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ, আল-হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ, দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ হতে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি। সেক্ষেত্রে প্রার্থীকে দাখিল ও আলিম পাস হতে হবে।

খ. **অভিজ্ঞতা :** মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব/সহকারী অধ্যাপক পদে ০৩ বছরের অভিজ্ঞতাসহ (আরবি বিষয়সমূহে) মোট ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

আলিম মাদরাসার উপাধ্যক্ষ হিসেবে ০৩ বছরের অভিজ্ঞতাসহ সহকারী অধ্যাপক/প্রভাষক পদে (আরবি বিষয়সমূহে) মোট ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

**২.৭ সহকারী অধ্যাপক** (কামিল/ফাজিল মাদরাসা)

ক. **শিক্ষাগত যোগ্যতা :** এমপিওভুক্ত প্রভাষকগণ প্রভাষক পদে এমপিওভুক্তির ৮ বছর পূর্তিতে ৫:২ অনুপাত অনুযায়ী ১৩.২ অনুচ্ছেদে বর্ণিত পারস্পারিক জ্যেষ্ঠতা নির্ধারণ সাপেক্ষে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাবেন।

খ. **অভিজ্ঞতা :** সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন প্রভাষক হিসেবে এমপিওভুক্ত শিক্ষকের ন্যূনতম ৮ (আট) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

**২.৮ প্রভাষক** (আরবি)

ক. **যোগ্যতা :** বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট বিভাগে ২য় শ্রেণির কামিল ডিগ্রি বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে সংশ্লিষ্ট বিভাগে ২য় শ্রেণির কামিল বা সমমান ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকহ বিভাগ হতে ২য় শ্রেণির অনার্স ও স্নাতকোত্তর ডিগ্রি বা সমমান।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণির সম্মান/সমমান। সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষাজীবনের অন্যান্য স্তরে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহনযোগ্য হবে।

খ. **চাকুরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.৯ প্রভাষক** (সাধারণ/ বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা)



ক. **যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণির সম্মান/সমমান।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি/সমমান। সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষাজীবনের অন্যান্য স্তরে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

খ. **চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.১০ প্রভাষক** (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)

ক. **যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/ আইসিটি বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/ আইসিটি বিষয়সহ স্নাতক ডিগ্রি এবং ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি; বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষাজীবনের অন্যান্য স্তরে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

খ. **চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.১১ গ্রন্থাগারিক**

ক. **যোগ্যতা :** বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/ ইসলামি বিশ্ববিদ্যালয়/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-এর অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লে- ামা।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবি বিষয়ে স্নাতক (সম্মান)-সহ স্নাতকোত্তর ডিগ্রি ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লে- ামা।

সমগ্র জীবনে যে কোনো ১টি-তে ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে।

**খ. অভিজ্ঞতা:** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.১২ সহকারী মৌলভী**

**ক. যোগ্যতা**

১. বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল ডিগ্রি ।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ফাজিল ডিগ্রি

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকহ্ বিভাগ হতে অনার্স ডিগ্রি।

অথবা

২. বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় হতে ফাজিল ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ফাজিল ডিগ্রি। সমগ্র জীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.১৩ সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান)**

**ক. যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রি/ সমমান ও বিএড ডিগ্রি/ সমমান

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান।

সমগ্র শিক্ষাজীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।



**খ. অভিজ্ঞতা :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.১৪ সহকারী শিক্ষক (গণিত)**

**ক. যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি/ সমমান

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান।

সমগ্র শিক্ষাজীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.১৫ সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান)**

**ক. যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ/ রসায়নসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি/ সমমান

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ/রসায়নসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান।

সমগ্র শিক্ষাজীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.১৬ সহকারী শিক্ষক (জীববিজ্ঞান)**

**ক. যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রাণিবিজ্ঞান/উদ্ভিদ বিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি/ সমমান

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রাণিবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান।

সামগ্র শিক্ষাজীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

## ২.১৭ সহকারী শিক্ষক (বাংলা)

**ক. যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি/ সমমান

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/ সমমান।

সমগ্র শিক্ষাজীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

## ২.১৮ সহকারী শিক্ষক (ইংরেজি)

**ক. যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি/ সমমান

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমান।

সমগ্র শিক্ষাজীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।



## ২.১৯ সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)

**ক. যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি/ সমমান

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান।

সমগ্র শিক্ষা জীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

## ২.২০ সহকারী শিক্ষক (কৃষি)

**ক. যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএডসহ নিম্নলিখিত যে কোনো একটি ডিগ্রি/সমমান থাকতে হবে।

বিএসসি (পাস/সম্মান) [কৃষি/ কৃষি অর্থনীতি /মৎস্য /পশুপালন /কৃষি প্রকৌশল/ উদ্ভিদবিদ্যা/ প্রাণিবিদ্যা/মৃত্তিকা বিজ্ঞান/ ডিভিএম]

অথবা

কৃষি ডিপ্লোমা/ সমমান

সমগ্র শিক্ষা জীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

## ২.২১ সহকারী শিক্ষক (গার্হস্থ্য অর্থনীতি)

**ক. যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/ সমমান ও বিএড ডিগ্রি/সমমান।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান।

সমগ্র শিক্ষাজীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.২২ সহকারী শিক্ষক (শরীরচর্চা)**

**ক. যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও বিপিএড ডিগ্রি/সমমান

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও জুনিয়র ফিজিক্যাল ডিপে-।মা।

সমগ্র শিক্ষাজীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.২৩ সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)**

**ক. যোগ্যতা :** কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি/সমমান

অথবা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ৩ বছর মেয়াদি ডিপে-।মা-ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রি/সমমান।

সমগ্র শিক্ষা জীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.২৪ প্রদর্শক (কম্পিউটার)**

**ক. যোগ্যতা :** কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি/সমমান

অথবা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ৩ বছর মেয়াদি ডিপে-।মা-ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রি/সমমান।



সমগ্র শিক্ষাজীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.২৫ এবতেদায়ি প্রধান**

**ক. যোগ্যতা :** বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল/স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমান ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ফাজিল বা সমমান ডিগ্রি

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকহ বিভাগ অনার্স ডিগ্রি।

সমগ্র শিক্ষা জীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.২৬ জুনিয়র মৌলভী**

**ক. যোগ্যতা :** বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে আলিম ডিগ্রি।

সমগ্র জীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহনযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.২৭ জুনিয়র শিক্ষক (সাধারণ)**

**ক. যোগ্যতা :** এইচএসসি/ সমমান ডিগ্রি

সমগ্র শিক্ষাজীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.২৮ এবতেদায়ি ক্বারী**

**ক. যোগ্যতা :** বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে দাখিল মুজাব্বিদ অথবা আলিম মুজাব্বিদ মাহির।

সমগ্র শিক্ষাজীবনে যে কোনো ১টি-তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.২৯ সহকারী গ্রন্থাগারিক/ ক্যাটালগার**

**ক. যোগ্যতা :** বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/ ইসলামী বিশ্ববিদ্যালয়/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-এর অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ফাজিল ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবি বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রি ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লে-ামা।

সমগ্র শিক্ষাজীবনে যে কোনো ১টি-তে ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.৩০ অফিস সহকারী কাম হিসাব সহকারী**

**ক. যোগ্যতা :** শিক্ষা বোর্ড হতে এইচএসসি (ব্যবসায় শিক্ষা) সমমান সমগ্র শিক্ষাজীবনে যে কোনো ১টি-তে ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.৩১ অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর**

**ক. যোগ্যতা :** আলিম/এইচএসসি/সমমান কম্পিউটার অপারেটিং-এ দক্ষতা থাকতে হবে।

সমগ্র শিক্ষাজীবনে যে কোনো ১টি-তে ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।



**২.৩২ কম্পিউটার ল্যাব অপারেটর**

**ক. যোগ্যতা :** কম্পিউটার/তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ বিজ্ঞান বিভাগে আলিম/এইচএসসি/সমমান।

অথবা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ৩ বছর মেয়াদি ডিপে-ামা/ সমমান কম্পিউটার অপারেটিং-এ দক্ষতা থাকতে হবে।

সমগ্র শিক্ষা জীবনে যে কোনো ১টি-তে ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.৩৩ গবেষণাগার/ল্যাব সহকারী**

**ক. যোগ্যতা :** বিজ্ঞান বিভাগে দাখিল/এসএসসি/সমমান ২য় বিভাগ

আইসিটি ল্যাব সহকারীর জন্য কম্পিউটার/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়সহ বিজ্ঞান বিভাগে দাখিল/এসএসসি/সমমান ২য় বিভাগ

সমগ্র শিক্ষা জীবনে যে কোনো ১টি-তে ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে।

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.৩৪ নিরাপত্তা কর্মী/নৈশপ্রহরী/ পরিচ্ছন্নতা কর্মী**

**ক. যোগ্যতা :** ডেডিসি/জেএসসি/ সমমান

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.৩৫ আয়া**

**ক. যোগ্যতা :** ডেডিসি/জেএসসি/ সমমান

**খ. চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.৩৬ জিপিএ প্রাপ্ত আবেদনকারীদের বিভাগ/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষামন্ত্রণালয় প্রণীত নিয়ম প্রযোজ্য হবে।**

**২.৩৭ উপরিউক্ত বিষয়ে এই প্রবিধানে যা-ই থাকুক না কেন শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সময় সময় জারিকৃত প্রজ্ঞাপন নীতিমালাই গ্রহণযোগ্য হবে।**

**❸ নিয়োগ পরীক্ষা :** নিয়োগ পরীক্ষার মানবণ্টন নিম্নরূপ হবে–

৩.১ সকল শিক্ষক নিয়োগ পরীক্ষার মোট নম্বর হবে ৫০।

| পরীক্ষার ধরন | নম্বর | পাস নম্বর |
|---|---|---|
| লিখিত (বিষয়ভিত্তিক) পরীক্ষা | ৩০ | ১২ |
| মৌখিক পরীক্ষা | ০৮ | ০৩ |
| শিক্ষাগত অর্জন (সনদ) | ১২ | |
| মোট : | ৫০ | |
| নির্বাচিত হওয়ার জন্য লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় পৃথকভাবে পাস করতে হবে। | | |

৩.২ গ্রন্থাগারিক পদে নিয়োগ পরীক্ষার মোট নম্বর হবে ৫০।

| পরীক্ষার ধরন | নম্বর | পাস নম্বর |
|---|---|---|
| লিখিত (বিষয়ভিত্তিক) পরীক্ষা | ৩০ | ১২ |
| মৌখিক পরীক্ষা | ০৮ | ০৩ |
| শিক্ষাগত অর্জন (সনদ) | ১২ | |
| মোট : | ৫০ | |
| নির্বাচিত হওয়ার জন্যে লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় পৃথকভাবে পাস করতে হবে। | | |

৩.৩ প্রদর্শক (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, উদ্ভিদ বিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান বিষয়ে ল্যাব চালু থাকলে প্রতি বিষয়ে) পদে নিয়োগ পরীক্ষার মোট নম্বর হবে ৫০।

| পরীক্ষার ধরন | নম্বর | পাস নম্বর |
|---|---|---|
| লিখিত (বিষয়ভিত্তিক) পরীক্ষা | ২০ | ১২ |
| মৌখিক পরীক্ষা | ১০ | ০৪ |
| ব্যবহারিক পরীক্ষা | ১৪ | ০৮ |
| শিক্ষাগত অর্জন (সনদ) | ০৬ | |
| মোট : | ৫০ | |
| নির্বাচিত হওয়ার জন্য লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় পৃথকভাবে পাস করতে হবে। | | |



৩.৪ সহকারী গ্রন্থাগারিক পদে নিয়োগ পরীক্ষার মোট নম্বর হবে ৫০।

| পরীক্ষার ধরন | নম্বর | পাস নম্বর |
|---|---|---|
| লিখিত (বিষয়ভিত্তিক) পরীক্ষা | ৩০ | ১২ |
| মৌখিক পরীক্ষা | ১১ | ০৪ |
| শিক্ষাগত অর্জন (সনদ) | ০৯ | |
| মোট : | ৫০ | |
| নির্বাচিত হওয়ার জন্য লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় পৃথকভাবে পাস করতে হবে। | | |

৩.৫ অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে নিয়োগ পরীক্ষার মোট নম্বর হবে ৫০।

| পরীক্ষার ধরন | নম্বর | পাস নম্বর |
|---|---|---|
| লিখিত (বিষয়ভিত্তিক) পরীক্ষা | ৩৫ | ১২ |
| মৌখিক পরীক্ষা | ০৯ | ০৩ |
| শিক্ষাগত অর্জন (সনদ) | ০৬ | |
| মোট : | ৫০ | |
| নির্বাচিত হওয়ার জন্য লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় পৃথকভাবে পাস করতে হবে। | | |

৩.৬ অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে নিয়োগ পরীক্ষার মোট নম্বর হবে ৫০।

| পরীক্ষার ধরন | নম্বর | পাস নম্বর |
|---|---|---|
| লিখিত (বিষয়ভিত্তিক) পরীক্ষা | ২০ | ১২ |
| মৌখিক পরীক্ষা | ১০ | ০৪ |
| ব্যবহারিক পরীক্ষা | ১৪ | ০৮ |

| | | |
|---|---|---|
| শিক্ষাগত অর্জন (সনদ) | ০৬ | |
| মোট : | ৫০ | |
| নির্বাচিত হওয়ার জন্য লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় পৃথকভাবে পাস করতে হবে। | | |

৩.৭ গবেষণাগার/ল্যাব সহকারী পদে নিয়োগ পরীক্ষার মোট নম্বর হবে ৪০

| পরীক্ষার ধরন | নম্বর | পাস নম্বর |
|---|---|---|
| লিখিত (বিষয়ভিত্তিক) পরীক্ষা | ২০ | ১২ |
| মৌখিক পরীক্ষা | ০৭ | ০৩ |
| ব্যবহারিক পরীক্ষা | ১০ | ০৪ |
| শিক্ষাগত অর্জন (সনদ) | ০৩ | |
| মোট : | ৪০ | |
| নির্বাচিত হওয়ার জন্য লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় পৃথকভাবে পাস করতে হবে। | | |

৩.৮ নিরাপত্তা কর্মী/নৈশপ্রহরী/ পরিচ্ছন্নতা কর্মী/ আয়া/ অফিস সহায়ক পদে নিয়োগ পরীক্ষার মোট নম্বর হবে ৩০।

| পরীক্ষার ধরন | নম্বর | পাস নম্বর |
|---|---|---|
| লিখিত (বিষয়ভিত্তিক) পরীক্ষা | ২০ | ০৮ |
| মৌখিক পরীক্ষা | ১০ | ০৪ |
| মোট : | ৩০ | |
| নির্বাচিত হওয়ার জন্য লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় পৃথকভাবে পাস করতে হবে। | | |

৩.৯

ক. অধ্যক্ষ ও উপাধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় একাডেমিক, প্রশাসনিক দক্ষতা, শিক্ষা ও বাংলাদেশ বিষয়ক প্রশ্ন থাকবে।

খ. শিক্ষকগণ প্রথম নিয়োগকালীন যোগ্যতার ভিত্তিতে পদোন্নতির জন্য যোগ্য বিবেচিত হবে।



## ৪ নিয়োগ কমিটি

ক. গভর্নিং বডির সিদ্ধান্তের আলোকে বহুল প্রচলিত ১টি জাতীয় ও ১টি স্থানীয় পত্রিকায় বিধি মোতাবেক বিজ্ঞপ্তির মাধ্যমে দরখাস্ত আহ্বান করতে হবে।

খ. অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ সকল শিক্ষককে নির্বাচনী কমিটির সুপারিশের ভিত্তিতে গভর্নিং বডি নিয়োগ দান করবে।
(প্রার্থী নিয়োগের ক্ষেত্রে নিয়োগ নির্বাচনী বোর্ড কর্তৃক সুপারিশকৃত এবং গভর্নিং বডি কর্তৃক অনুমোদিত প্রার্থীকে নিয়োগ দানের পূর্বে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-এর পূর্বানুমতি গ্রহণ করতে হবে।)

**৪.১ অধ্যক্ষ, উপাধ্যক্ষ, অধ্যাপক ও সহযোগী অধ্যাপক নিয়োগ নির্বাচনী কমিটি–**

ক. গভর্নিং বডির সভাপতি/তাঁর মনোনীত ব্যক্তি -সভাপতি
(তবে জাতীয় সংসদ সদস্য ব্যতীত নিয়োগ নির্বাচনী বোর্ডের কোনো সদস্যই ফাজিল/ স্নাতক, প্রযোজ্য ক্ষেত্রে কামিল/ স্নাতকোত্তর ডিগ্রিধারীর নিচে হতে পারবে না)

খ. বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মনোনীত প্রতিনিধি আরবি ও ইসলামিক স্টাডিজ/সংশ্লিষ্ট বিষয়ে বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক) -সদস্য

গ. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের প্রতিনিধি (সংশ্লিষ্ট বিষয়ে সরকারি মাদরাসা/কলেজের একজন অধ্যাপক) -সদস্য

ঘ. গভর্নিং বডির একজন জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিনিধি সদস্য (গভর্নিং বডি কর্তৃক মনোনীত) -সদস্য

ঙ. সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ -সদস্য সচিব

**৪.২মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব/ সহকারী অধ্যাপক/প্রভাষক/ গ্রন্থাগারিকসহ শিক্ষক নিয়োগ নির্বাচনী কমিটি–**

ক. গভর্নিং বডির সভাপতি/তার মনোনীত সহ-সভাপতি -সভাপতি

খ. ভাইস-চ্যান্সেলরের প্রতিনিধি

(আরবি ও ইসলামিক স্টাডিজ/সংশ্লিষ্ট বিষয়ে বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক /সহযোগী অধ্যাপক) -সদস্য

গ. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের প্রতিনিধি (সংশ্লিষ্ট বিষয়ে সরকারি কলেজ/মাদরাসার অধ্যাপক/সহযোগী অধ্যাপক) -সদস্য

ঘ. গভর্নিং বডির একজন জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিনিধি সদস্য (গভর্নিং বডি কর্তৃক মনোনীত) -সদস্য

ঙ. সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ -সদস্য সচিব

**৪.৩ প্রদর্শক/সহকারী গ্রন্থাগারিক/ অফিস সহকারী কাম হিসাব সহকারী/ অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/ নিরাপত্তা কর্মী/ নৈশপ্রহরী/ পরিচ্ছন্নতা কর্মী/ আয়া/ অফিস সহায়কসহ সকল কর্মচারী নিয়োগ নির্বাচনী কমিটি–**

ক. গভর্নিং বডির সভাপতি/তার মনোনীত সহ সভাপতি -সভাপতি

খ. ভাইস-চ্যান্সেলরের প্রতিনিধি (ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক/ সহকারী রেজিস্ট্রারের নীচে নয়)

গ. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের প্রতিনিধি -সদস্য (সরকারি কলেজ/সরকারি মাদরাসায় কর্মরত সহকারী অধ্যাপক/সহকারী রেজিস্ট্রারের নিচে নয়)

ঘ. গভর্নিং বডির একজন জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিনিধি সদস্য (গভর্নিং বডি কর্তৃক মনোনীত) -সদস্য

ঙ. সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ -সদস্য সচিব

উপরোল্লে-খিত পদগুলো ব্যতীত অন্যান্য নিয়োগে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের প্রতিনিধি থাকবে না।

৪.৪ ভাইস-চ্যান্সেলরের মনোনীত প্রতিনিধি নিয়োগ বোর্ডের বিশেষজ্ঞ সদস্য হবে। তিনি নিয়োগ কমিটির সদস্যদের নিয়ে প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করবেন। উক্ত প্রতিনিধির উপস্থিতি ছাড়া নিয়োগ বাতিল বলে গণ্য হবে।



৪.৫ নির্বাচনী কমিটির সদস্যের টিএ ও ডিএ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত হারে সংশ্লিষ্ট মাদরাসা কর্তৃপক্ষ প্রদান করবে। উপরিউক্ত বিষয়ে বিধিতে যা-ই থাকুক না কেন সরকার কর্তৃক সময় সময় এ সংক্রান্ত অথবা উলে-খ নেই বিষয়সমূহে জারিকৃত নীতিমালাই গ্রহণযোগ্য হবে।

## ৫ শিক্ষানবিশ

ক. শিক্ষানবিশ কাল সাধারণত দুই বছর হবে তবে পদোন্নতিতে নিয়োগপ্রাপ্ত শিক্ষকের বেলায় এই মেয়াদ এক বছর হবে।

খ. সন্তোষজনক চাকরির ভিত্তিতে শিক্ষানবীশি কাল শেষ হলে গভর্নিং বডি একজন শিক্ষককে স্থায়ীভাবে নিয়োগদান করবে। শিক্ষানবিশ কাল শেষ হওয়ার ৬ (ছয়) মাসের মধ্যে গভর্নিং বডিকে এ বিষয়ে কার্যকরী সিদ্ধান্ত গ্রহণ করে বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে।

গ. কোনো শিক্ষানবিশ শিক্ষকের কাজের গুণগতমান ও আচরণ সন্তোষজনক না হলে এবং অদূর ভবিষ্যতে সন্তোষজনক হওয়ার সম্ভাবনা না থাকলে গভর্নিং বডি তাকে চাকরি হতে অব্যাহতি দিতে অথবা পদোন্নতির ক্ষেত্রে পূর্ব পদে বহাল করতে পারবে। তবে শর্ত থাকে যে, অদূর ভবিষ্যতে কাজের গুনগত মান অথবা আচরণ সন্তোষজনক হওয়ার সম্ভাবনা থাকলে গভর্নিং বডি তার শিক্ষানবিশ কাল অনূর্ধ্ব এক বছর বৃদ্ধি করতে পারবে।

ঘ. গভর্নিং বডির অনুমোদনক্রমে অধ্যক্ষ প্রত্যেক শিক্ষককে নিয়োগপত্র প্রদান করবে এবং এই পত্রে বেতনক্রম, ভাতা ও চাকরির শর্তাবলির উলে-খ থাকবে। তা ছাড়া সাময়িক নিয়োগের ক্ষেত্রে কত দিনের জন্য নিয়োগ করা হলো এবং স্থায়ী নিয়োগের ক্ষেত্রে কত দিনের জন্য শিক্ষানবিশ থাকবে তার উল্লেখ থাকবে।

### ৬ খন্ডকালীন শিক্ষক

ক. মাদরাসা কর্তৃপক্ষ প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন কোনো ব্যক্তিকে নিয়োগপত্রে উল্লেখিত শর্তে তার একজন খন্ডকালীন শিক্ষক হিসেবে নিয়োগদান করতে পারবে।

মাদরাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষ খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত হতে পারবে না এবং একজন পূর্ণকালীন শিক্ষক খন্ডকালীন শিক্ষক হিসেবে একাধিক শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা করতে পারবে না।

খ. একজন খন্ডকালীন শিক্ষকের সম্মানী ও ভাতা পূর্বেই নির্ধারিত হবে এবং তা নিয়োগপত্রে উল্লেখ থাকবে।

### ৭ বেতন ও ভাতা

ক. বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত মাদরাসার শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী বিধি মোতাবেক বেতন-ভাতা প্রাপ্য হবে।

খ. বিশেষ যোগ্যতাসম্পন্ন অথবা উচ্চতর ডিগ্রিপ্রাপ্ত শিক্ষককে সর্বোচ্চ ৩ (তিন)টি অতিরিক্ত ইনক্রিমেন্ট প্রদান করা যাবে।

তবে শর্ত থাকে যে, এই নীতিমালাতে যা-ই উল্লেখ থাকুক না কেন সরকার কর্তৃক জারিকৃত শিক্ষা প্রতিষ্ঠান (মাদরাসা) জনবল জারিকৃত বেসরকারি (MPO) নীতিমালা-১৮ অথবা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত অন্যান্য নীতিমালা অনুসরণ করতে হবে।

### ৮ শিক্ষকগণের দায়িত্ব ও কর্তব্য

ক. মাদরাসার শিক্ষকগণ সততা ও কর্তব্যপরায়ণতার সঙ্গে কর্ম পালন করবে এবং স্বীয় দায়িত্ব পালনে কঠোর ন্যায়পরায়ণ ও নিরপেক্ষ হবে।

খ. নিয়োগের শর্তাবলিতে স্পষ্টভাবে অন্যরূপ উল্লেখ না থাকলে প্রত্যক মাদরাসা শিক্ষক সার্বক্ষণিক শিক্ষকরূপে গণ্য হবে।

গ. মাদরাসার স্বার্থের পরিপন্থি কোনো কার্যকলাপের সঙ্গে কোনো মাদরাসার শিক্ষক নিজেকে জড়িত করবে না ।



ঘ. একজন শিক্ষক নিম্নবর্ণিত দায়িত্ব পালন করবে–

১. শিক্ষাক্রম ও পাঠ্যসূচি মোতাবেক ক্লাস (লেকচার, টিউটোরিয়াল ও প্রাকটিক্যাল) গ্রহণ।

২. আলোচনা, সেমিনার ও ডেমনস্ট্রেশন ইত্যাদির মাধ্যমে শিক্ষাদান;

৩. ছাত্র/ছাত্রীদের ব্যক্তিগত নির্দেশনা ও পরামর্শদান।

৪. পরীক্ষা পরিচালনা, বিজ্ঞান গবেষণার সংগঠন এবং অন্যান্য পাঠ্যক্রম ও সহপাঠ্যক্রম সম্পর্কিত কর্মকান্ডে মাদরাসা কর্তৃপক্ষেকে সহায়তা দান।

৫. ছাত্রদের অথবা মাদরাসার স্বার্থে অধ্যক্ষ অথবা গভর্নিং বডি কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালন।

ঙ. একজন শিক্ষক শিক্ষাদানের পাশাপাশি গবেষণা কর্মরত থাকবে।

চ. একজন শিক্ষক সাধারণত প্রতি সপ্তাহে টিউটোরিয়াল, প্রাকটিক্যাল এবং সেমিনারসহ ২৪ পিরিয়ড শিক্ষা দান করবে।

ছ. সাধারণভাবে জনসাধারণ ভোগ করে থাকে এমন সব নাগরিক অধিকার চর্চার এবং সরকারি বা নির্বাচিত পদের জন্য যোগ্য বিবেচিত হওয়ার স্বাধীনতা শিক্ষকদের থাকবে।

জ. যদি কোনো শিক্ষককে সরকারি দায়িত্ব বা নির্বাচিত পদে দায়িত্ব পালনের স্বার্থে শিক্ষাদান কর্তব্য পরিত্যাগ করতে হয়, তবে এই দায়িত্ব পালনকালে শিক্ষকতার ক্ষেত্রে তাঁর জ্যেষ্ঠতা এবং পেনশনপ্রাপ্তির সুবিধা বজায় থাকবে এবং সরকারি বা নির্বাচিত পদে দায়িত্ব পালন শেষে পূর্বতন পদ বা সমমানের পদে প্রত্যাবর্তন করতে পারবে।

ঝ. ধর্মীয় অনুশাসন পূর্ণাঙ্গভাবে অনুশীলন করা এবং শিক্ষার্থীদের এ ব্যাপারে উৎসাহিত করা।

ঞ. কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত কোনো শিক্ষক নিজ প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠানে বেতনসহ বা বিনা বেতনে কোনো কাজে নিয়োগ লাভ করতে পারবে না।

ট. প্রতিষ্ঠান পরিচালনায় অধ্যক্ষ কর্তৃক প্রণীত ক্লাস রুটিন অনুযায়ী ক্লাস নিতে বাধ্য থাকবে।

**৯ ইস্তফা।**-বিশেষ ক্ষেত্রে গভর্নিং বডি কর্তৃক ভিন্নভাবে সিদ্ধান্ত না হলে—একজন স্থায়ীভাবে নিয়োগকৃত শিক্ষক—

ক. শিক্ষাবর্ষের প্রথম অর্থ বছরের কোনো সময় পদত্যাগ করতে চাইলে সেক্ষেত্রে পদত্যাগের ইচ্ছার নোটিশ ২ (দুই) মাস পূর্বে কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে পেশ করতে হবে।

খ. শিক্ষাবর্ষের শেষ অর্থবছরে পদত্যাগ করতে চাইলে ৩ (তিন) মাস পূর্বে লিখিতভাবে তা জানাতে হবে।

গ. শিক্ষানবিশ (প্রবেশনার) শিক্ষককে পদত্যাগের ১ (এক) মাস পূর্বে লিখিত নোটিশ করতে হবে।

ঘ. বিনা নোটিশে চাকরিতে ইস্তফা দিলে সংশ্লিষ্ট শিক্ষককে ১ (এক) মাসের মূল বেতন মাদরাসাকে প্রদান করতে হবে।

ঙ. এই শর্ত লঙ্ঘিত হলে অবহিতকরণের সময় ইস্তফাদানের নির্ধারিত সময় হতে যতদিন কম হবে ততদিনের বেতন বাজেয়াপ্ত করা যাবে অথবা গভর্নিং বডি যেভাবে উপযুক্ত মনে করবে সেভাবে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

## ১০ ভারপ্রাপ্ত অধ্যক্ষ নির্বাচন, তার মেয়াদ ও জ্যেষ্ঠতা নির্ধারণ এবং অবসর গ্রহণ

ক. **ভারপ্রাপ্ত অধ্যক্ষ নির্বাচন এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষের মেয়াদ :** কোনো কারণে অধ্যক্ষের পদ শূন্য হলে উপাধ্যক্ষ ভারপ্রাপ্ত অধ্যক্ষ হবেন। উপাধ্যক্ষ না থাকলে ভারপ্রাপ্ত অধ্যক্ষ জ্যেষ্ঠতার ভিত্তিতে নির্বাচিত হবে; ভারপ্রাপ্ত অধ্যক্ষের মেয়াদ হবে ০১ (এক) বছর। ভারপ্রাপ্ত অধ্যক্ষ কোনো অবস্থাতেই ০১ (এক) বছরের বেশি ভারপ্রাপ্ত থাকতে পারবে না।

১. যুক্তিসঙ্গত কারণ ছাড়া ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের এক বছরের মধ্যে নিয়মিত অধ্যক্ষ নিয়োগদান ব্যর্থ হলে ভারপ্রাপ্ত অধ্যক্ষের স্বাক্ষরকৃত কাগজপত্র ও কার্যবিবরণী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত অথবা গৃহীত হবে না। এ ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হলে বিশ্ববিদ্যালয়ের অনুমোদন সাপেক্ষে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা যাবে।



২. ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রাপ্তির ১ মাসের মধ্যে গভর্নিং বডির রেজুলেশনসহ প্রয়োজনীয় কাগজপত্র ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রেরণ করতে হবে।

৩. ভারপ্রাপ্ত অধ্যক্ষ অধ্যক্ষ পদে নিয়োগ প্রাপ্তির জন্য প্রার্থী হিসেবে আবেদন করতে ইচ্ছুক হলে তার ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব থেকে অব্যাহতি ও অধ্যক্ষ পদে আবেদনের অনুমতি চেয়ে গভর্নিং বডির সভাপতি বরাবর আবেদন করবে। সভাপতি বিষয়টি গভর্নিং বডির সভায় উপস্থাপন করবে। গভর্নিং বডির অনুমোদনপূর্বক বিধি মোতাবেক তাকে অব্যাহতি প্রদান করে অধ্যক্ষ পদের জন্য প্রার্থী হবে না এমন জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করবে। উক্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষ নতুন অধ্যক্ষ যোগদান না করা পর্যন্ত অধ্যক্ষ সংশ্লিষ্ট সকল কার্যক্রম পরিচালনা করবে।

খ. **জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা নির্ধারণ :** শিক্ষক ও কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা তাদের সংশ্লিষ্ট পদে প্রথম এমপিওভুক্তির তারিখ থেকে গণনা করা হবে। তবে এমপিওভুক্তি একই তারিখে হলে জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে যোগদানের তারিখ বিবেচনা করা হবে। যোগদানের তারিখ একই হলে জন্ম তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ হবে। জন্মতারিখ একই হলে যার শিক্ষাগত যোগ্যতা বেশি তিনি জ্যেষ্ঠ হবে।

গ. **অবসর গ্রহণ :** মাদরাসার শিক্ষকগণের অবসর গ্রহণের বয়স সরকার কর্তৃক নির্ধারিত হবে।

## ১১ সাময়িক অব্যাহতি ও চাকরি হতে অব্যাহতি

### ১১.১ সাময়িক অব্যাহতি

ক. সুনির্দিষ্ট বিধি মোতাবেক কোনো অভিযোগের ভিত্তিতে অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও অন্যান্য শিক্ষক-কর্মচারীকে সাময়িক অব্যাহতি প্রদান করলে ৬০ (ষাট) দিনের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করে বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে।

খ. কোনো কারণে অধ্যক্ষের অনুপস্থিতিতে বা অধ্যক্ষের পদ শূন্য হলে মাদরাসার উপাধ্যক্ষ অধ্যক্ষের দায়িত্ব পালন করবে। উপাধ্যক্ষের পদ শূন্য হলে/অনুপস্থিত থাকলে ক্রমানুসারে যিনি জ্যেষ্ঠ তিনি ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবে। (১১.৩ অনুচ্ছেদ অনুসরণ করে জ্যেষ্ঠতা নির্ধারণ করবে।)

### ১১.২ চাকুরি হতে অব্যাহতি

নিম্নবর্ণিত কারণে কোনো শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে অব্যাহতি দেয়া যাবে–

ক. স্বাস্থ্যগত কারণে সংশ্লিষ্ট কার্যে অপারগ হলে এবং গভর্নিং বডি কর্তৃক গঠিত চিকিৎসা বোর্ড তার অসুস্থতা ও অপরাগতার বিষয়ে সুপারিশ করলে এবং উক্ত সুপারিশ গভর্নিং বডি কর্তৃক গৃহীত হলে।

খ. কোনো শিক্ষক স্বাস্থ্যগত কারণে শিক্ষকতার কার্যে অপারগ হলে অথবা আর্থিক কারণে গভর্নিং বডি কোনো শিক্ষকের পদ বিলুপ্ত করলে সংশ্লিষ্ট শিক্ষককে চাকুরি হতে অব্যাহতি দেয়া যেতে পারে।

তবে শর্ত থাকে যে, কোনো শিক্ষককে স্বাস্থ্যগত কারণে চাকরি হতে অব্যাহতি দেয়া যাবে যদি এই উদ্দেশ্যে গভর্নিং বডি কর্তৃক গঠিত চিকিৎসা বোর্ড এইরূপ সুপারিশ করে এবং সে সুপারিশ গভর্নিং বডি কর্তৃক গৃহীত হয়।

আরও শর্ত থাকে যে, আর্থিক কারণে কোনো স্থায়ী পদ বিলুপ্ত করতে হলে বিশ্ববিদ্যালয়ের অনুমতি গ্রহণ করতে হবে এবং যে শিক্ষককে তার চাকুরি হতে অব্যাহতি দেওয়া হবে তাকে গভর্নিং বডি কর্তৃক নির্ধারিত অর্থ ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে হবে।

## ১২ শাস্তিমূলক ব্যবস্থা ও শাস্তির প্রকারভেদ

### ১২.১ শাস্তিমূলক ব্যবস্থা

একজন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে পেশাগত অসদাচরণ/ নৈতিক পদস্খলনের জন্য গভর্নিং বডি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে। তবে শর্ত থাকে যে–



ক. তার বিরুদ্ধে পেশাগত অসদাচারণ/নৈতিক পদস্খলনের অভিযোগটি ৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট কমিটি দ্বারা তদন্ত করতে হবে। উক্ত তদন্ত কমিটির সদস্য হবে–

১. ভাইস-চ্যান্সেলরের মনোনীত পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি কলেজ/সরকারি মাদরাসার একজন অধ্যাপক/সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপক -আহ্বায়ক

২. বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরের মনোনীত প্রতিনিধি (সহকারী অধ্যাপক/সহকারি রেজিস্ট্রারের নিচে নয়) -সদস্য

৩. জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের মনোনীত প্রতিনিধি (প্রথম শ্রেণির কর্মকর্তার নীচে নয় এমন ব্যক্তি) -সদস্য

৪. গভর্নিং বডি কর্তৃক মনোনীত প্রতিনিধি দুইজন সদস্য -সদস্য (তন্মধ্যে একজন বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত জ্যেষ্ঠ শিক্ষক প্রতিনিধি এবং অন্য একজন সংশ্লিষ্ট মাদরাসার গভর্নিং বডি কর্তৃক মনোনীত সদস্য। তবে কোনো অভিযোগকারী তদন্ত কমিটির সদস্য মনোনীত হতে পারবে না।)

খ. তদন্ত কমিটি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধির টিএ ও ডিএ বিশ্ববিদ্যালয়ের নিয়ম মোতাবেক সংশ্লিষ্ট মাদরাসা কর্তৃপক্ষ প্রদান করবে। যে কোনো তদন্তের জন্য মাদরাসা কর্তৃপক্ষ থেকে পূর্বেই ফি আদায় করে কমিটির সদস্য প্রতিষ্ঠানে যাবে।

গ. তদন্ত চলাকালে অভিযুক্ত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করা হলে মূল বেতনের ৫০% জীবনধারণ ভাতা হিসেবে প্রদান করতে হবে।

ঘ. অভিযুক্তকে বিধিসম্মতভাবে আত্মপক্ষ সমর্থনের যুক্তিসংগত সময় প্রদান করতে হবে। তার কোনো বক্তব্য থাকলে তা পেশ করার সুযোগ দান করতে হবে।

### ১২.২ নিম্নলিখিত অভিযোগগুলো পেশাগত অসদাচরণ বলে বিবেচিত হবে

ক. ক্লাস গ্রহণে সময়ানুবর্তিতার অভাব অথবা ক্লাস চলাকালে অন্য কোনো কাজে ব্যস্ত থাকা।

খ. বিনা অনুমতিতে কর্তব্যে অনুপস্থিত।

গ. কর্তব্য পালনে অবহেলা বা উদাসীনতা।

ঘ. পূর্বে অবহিতকরণ ব্যতিরেকে ছুটির মেয়াদ বর্ধিতকরণ।

ঙ. অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত অধ্যক্ষ গভর্নিং বডির কোনো বৈধ ও যুক্তিসংগত নির্দেশ একাকী অথবা অন্যান্যদের সহযোগে অমান্য করা।

চ. মাদরাসার কোনো সম্পদ অপচয় করা বা কোনো প্রকার বৈধ ক্ষমতা ব্যতীত ব্যবহার করা।

ছ. এমন কোনো কার্য, যা শিক্ষক/ছাত্র-ছাত্রীদের মাঝে বিশৃঙ্খলা অথবা নৈতিক অবক্ষয় সৃষ্টি করতে পারে; এরূপ সমুদয় কার্য, যা গভর্নিং বডি অথবা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অথবা মাদরাসার স্বার্থবিরোধী বলে ঘোষণা করবে।

জ. অধ্যক্ষ/ গভর্নিং বডি কর্তৃক গৃহীত যৌক্তিক সিদ্ধান্ত অমান্য করা।

### ১২.৩ শাস্তির প্রকারভেদ

অপরাধের মাত্রা অনুসারে প্রমাণিত অপরাধী শিক্ষক/কর্মকর্তা/ কর্মচারীকে নিম্নবর্ণিত এক বা একাধিক শাস্তি প্রদান করা যেতে পারে :

ক. তিরস্কার।

খ. বার্ষিক ইনক্রিমেন্ট বাতিলকরণ।

গ. বার্ষিক ইনক্রিমেন্ট নির্দিষ্ট সময়ের জন্য স্থগিত করণ।

ঘ. আর্থিক ক্ষতি সাধিত হলে তা বেতন থেকে আংশিক বা সম্পূর্ণ আদায়ের ব্যবস্থা।

ঙ. এক স্তর পদাবনতি।

চ. চাকুরি হতে চূড়ান্ত বরখাস্ত।

ছ. চাকরি হতে সাময়িক অব্যাহতি।

## ১৩ আপিল

ক. একজন অধ্যক্ষ গভর্নিং বডি কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তিনি ভাইস-চ্যান্সেলরের মাধ্যমে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের নিকট আপিল করতে পারবে।

খ. অধ্যক্ষ ব্যতীত অন্যান্য শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী গভর্নিং বডি কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তিনি/তারা ভাইস-চ্যান্সেলর বরাবর আপিল করতে পারবে।



গ. অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ যে কোনো শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে চাকুরি থেকে অব্যাহতিদান/ অপসারণ/বরখাস্ত করতে হলে গভর্নিং বডির সিদ্ধান্ত জানিয়ে নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের পূর্ব অনুমতি গ্রহণ করতে হবে।

ঘ. উক্ত ক্ষেত্রে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় গঠিত একটি আপিল এবং আরবিট্রেশন কমিটি থাকবে। কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কমিটির সদস্য নিম্নরূপ–

১. ভাইস চ্যান্সেলর - সভাপতি

২. প্রো-ভাইস চ্যান্সেলর - সদস্য

৩. ডিন- ০১ জন - সদস্য

৪. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের পরিচালক পদমর্যাদার কর্মকর্তা- ০১ জন - সদস্য

৫. বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান/তার মনোনীত প্রতিনিধি (অধ্যাপক পদ মর্যাদার নিচে নয়)- ০১ জন - সদস্য

৬. কামিল মাদাসার অধ্যক্ষ- ০২ জন - সদস্য

৭. ফাজিল মাদরাসার অধ্যক্ষ- ০২ জন - সদস্য

৮. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক (সহকারী অধ্যাপকের নিচে নয়)-০১ জন - সদস্য

৯. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার– পদাধিকার বলে। সদস্য সচিব

## ১৪ ছুটি

### ক. ছুটি অধিকার নয়

কর্তব্য পালনের মাধ্যমে ছুটি অর্জিত হবে, তবে তা অধিকার হিসেবে দাবি করা যাবে না। পরিস্থিতির পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ শিক্ষক/কর্মকর্তা/ কর্মচারীর ছুটির আবেদন মঞ্জুর বা নামঞ্জুর করতে পারবে অথবা মঞ্জুরকৃত ছুটি প্রত্যাহার করতে পারবে।

**খ. ছুটি লাভের জন্য ন্যূনতম চাকরি**

১. শিক্ষক হিসেবে ন্যূনপক্ষে দুই বছর কাজ না করে থাকলে কোনো শিক্ষক নৈমিত্তিক ছুটি ব্যতিরেকে অন্যান্য ছুটির জন্য আবেদন করতে পারবে না।

২. বিশেষ প্রয়োজনের ক্ষেত্রে ক-উপধারায় বর্ণিত দুই বছর স্বাস্থ্যগত কারণে অনুমোদন সাপেক্ষে অধ্যক্ষ একজন শিক্ষককে অনধিক পনেরো দিন ছুটি মঞ্জুর করতে পারবে।

**গ. নৈমিত্তিক ছুটি**

সরকারি মাদরাসা শিক্ষকের ন্যায় একজন বেসরকারি মাদরাসার শিক্ষক বছরে বিভিন্ন সময়ে অধ্যক্ষের অনুমোদন সাপেক্ষে ২০ (বিশ) দিন নৈমিত্তিক ছুটি ভোগ করতে পারবে।

**ঘ. অর্জিত ছুটি**

একজন সরকারি মাদরাসার শিক্ষক ও কর্মচারী যে শর্তে যতদিন অর্জিত ছুটি পেতে পারে একজন বেসরকারি মাদরাসার শিক্ষক ও কর্মচারীও ততদিন অর্জিত ছুটি পেতে পারবে।

**ঙ. চিকিৎসা ছুটি**

১. একজন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী প্রতি বছর ১০ (দশ) দিনের চিকিৎসা ছুটি পেতে পারে।

২. একজন নিবন্ধনকৃত চিকিৎসকের প্রত্যয়ন ও সুপারিশপত্র দাখিল সাপেক্ষে শিক্ষক/কর্মকর্তা/ কর্মচারী একসাথে সর্বোচ্চ ৭ (সাত) দিনের চিকিৎসা ছুটি পেতে পারে।

৩. বিশেষ প্রয়োজনে চিকিৎসকের সুপারিশ সাপেক্ষে গভর্নিং বডি শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর পূর্ণগড় বেতনে অনধিক ১ (এক) মাস এবং অর্ধগড় বেতনে অনধিক ৩ (তিন) মাস ছুটি মঞ্জুর করতে পারবে।

৪. ব্যতিক্রমী ক্ষেত্রে গভর্নিং বডি বিশ্ববিদ্যালয়ের অনুমোদনক্রমে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে পূর্ণ সুস্থ হওয়া পর্যন্ত বিনা বেতনে ছুটি মঞ্জুর করতে পারবে।



**চ. মাতৃত্বকালীন ছুটি**

১. মহিলা শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী পূর্ণগড় বেতনে একসাথে ৬ (ছয়) মাসের মাতৃত্বকালীন ছুটি পেতে পারে।

২. পূর্ণ চাকরিজীবনে মহিলা শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী ২ (দুই) বার মাতৃত্বকালীন ছুটি পেতে পারে।

৩. চাকরির বয়স ২ বছরের কম হলে মাতৃত্বকালীন ছুটি পেতে মহিলা শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে উক্ত প্রতিষ্ঠানে কমপক্ষে পরবর্তী ৩ বছর চাকরি করবেন মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

**ছ. অসাধারণ ছুটি**

১. একজন শিক্ষকের সর্বমোট চাকরি কালে তিনি অনধিক এক বছরের অসাধারণ ছুটি প্রাপ্য হবে। অসাধারণ ছুটির জন্য তিনি কোনো প্রকার বেতন পাবেন না এবং এরূপ অসাধারণ ছুটি ভোগ করলে ছুটি কাল তার চাকরির জ্যেষ্ঠতা নির্ধারণে গণনা করা হবে না।

২. সরকারি মনোনয়ন অথবা নির্বাচিত জনপ্রতিনিধির ক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী গভর্নিং বডি ছুটির সময়সীমা শিথিল করতে পারবে।

**জ. কর্তব্যরত ছুটি :** মাদরাসার একজন শিক্ষক নিম্নলিখিত ক্ষেত্রে কর্তব্য ছুটি মঞ্জুর করতে পারবে–

১. কোনো শিক্ষা বোর্ড, শিক্ষা/গবেষণা ইনস্টিটিউট, বিশ্ববিদ্যালয় অথবা সরকার কর্তৃক গঠিত কোনো সংস্থা, কমিটি অথবা একাডেমিক ইউনিটের সভায় যোগদান বা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত কোনো দায়িত্ব পালন।

২. বিশ্ববিদ্যালয় বা সরকার কর্তৃক কলেজ শিক্ষকদের জন্য পরিচালিত কোনো প্রশিক্ষণ কোর্স/প্রোগ্রামে যোগদান।

৩. কোনো আদালতে একজন জুরি হিসেবে অথবা সরকারি সাক্ষী হিসেবে উপস্থিত হওয়া।

৪. শিক্ষা বিভাগ অথবা কোনো কলেজ অথবা কোনো সুপ্রতিষ্ঠিত শিক্ষা/শিক্ষা বিষয়ক সমিতির আমন্ত্রণে বক্তৃতা প্রদান। তবে এরূপ ক্ষেত্রে অবশ্যই গভর্নিং বডির অনুমোদন থাকতে হবে।

**ঝ. শিক্ষা ছুটি**

একজন শিক্ষকের চাকরি কাল ধারাবাহিকভাবে ৩ (তিন) বছর পূর্ণ হলে পেশাগত মান উন্নয়নের স্বার্থে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে গভর্নিং বডি তার শিক্ষা ছুটি মঞ্জুর করতে পারবে–

১. চাকরি জীবনে তিনি সর্বোচ্চ ৩ (তিন) বছর ছুটি পেতে পারে।

২. প্রথম বছর পূর্ণ বেতনে, দ্বিতীয় বছর অর্ধ বেতনে এবং তৃতীয় বছর বিনা বেতনে ছুটি পেতে পারে।

৩. শিক্ষা ছুটি ভোগকারী শিক্ষককে ছুটি শেষে কমপক্ষে ৩ (তিন) বছর ঐ প্রতিষ্ঠানে চাকরি করবে মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে।

৪. অন্যথায় উক্ত শিক্ষককে ছুটিকালীন গৃহীত সব অর্থ ফেরত দিতে হবে।

**ঞ. সংঘনিরোধ ছুটি :** সরকারি বিধি মোতাবেক প্রাপ্য হবে।

## ১৫ ভবিষ্যৎ তহবিল, কল্যাণভাতা, অবসর ভাতা ও গোষ্ঠী বীমা

**ক. ভবিষ্যৎ তহবিল**

১. মাদরাসার প্রত্যেক স্থায়ী শিক্ষককে অংশীদারী (Contributory) ভবিষৎ তহবিলের সুবিধা দিতে হবে।

(প্রত্যেক শিক্ষক প্রতিমাসে তার বেতনের প্রতি টাকার জন্য ০.১০ টাকা হারে অংশীদারী ভবিষৎ তহবিলে চাঁদা প্রদান করবে এবং মাদরাসা কর্তৃপক্ষ তার প্রদত্ত অর্থের সমান অর্থ তার অংশীদারী ভবিষ্যৎ তহবিলে প্রদান করবে।)

**খ. কল্যাণ ভাতা, অবসর ভাতা ইত্যাদি**

১. অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসার শিক্ষকগণ বিধি মোতা০.বেক আনুতোষিক, কল্যাণ ভাতা ও অবসর ভাতার সুবিধা পাবে।



২. মাদরাসার শিক্ষকগণকে বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা এবং অন্যান্য প্রাপ্তির সুবিধাদি মাদরাসা আর্থিক সংগতি থাকা সাপেক্ষে প্রদান করবে।

৩. মাদরাসার অধ্যক্ষের জন্য বিনা ভাড়ায় আবাসনের ব্যবস্থা থাকবে।

**গ. গোষ্ঠী বীমা**

শিক্ষকবৃন্দের সুবিধার্থে মাদরাসা গোষ্ঠীবীমা প্রচলন করতে সচেষ্ট হবে।

## ১৬ আইন সংশোধনী

ক. এ প্রবিধানে কোনো বিষয় উলে-খ না থাকলে সে-ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

খ. বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট বিধির পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/ বিয়োজন/ পরিমার্জন করার ক্ষমতা সংরক্ষণ করবে।

গ. প্রবিধানে উল্লেখ নেই এমন কোনো বিষয় বা কোনো বিষয়ে জটিলতা দেখা দিলে ভাইস-চ্যান্সেলর প্রদত্ত ব্যাখ্যা ও সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**১৭ রহিতকরণ :** এ প্রজ্ঞাপন কার্যকর হওয়ার পূর্বে ইসলামি বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত সকল প্রজ্ঞাপন, অফিস আদেশ ও নির্দেশিকা বাতিল বলে গণ্য হবে।

...৫.৭.১৯

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়